

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৮৮৬

৫. হজ অধ্যায় (كتاب المناسك)

পরিচ্ছেদঃ ৩৩. মাকামে ইবরাহীমের পিছনে সালাত আদায় করা

بَابِ الصَّلَاةِ خَلْفَ الْمَقَام

আরবী

أَخْبَرَنَا يَزِيدُ بْنُ هَارُونَ حَدَّثَنَا حُمَيْدٌ عَنْ أَنَسٍ قَالَ قَالَ عُمَرُ بْنُ الْخَطَّابِ وَافَقْتُ رَبِّي فِي تَلَاثٍ قُلْتُ يَا رَسُولَ اللَّهِ لَوْ اتَّخَذْتَ مِنْ مَقَامِ إِبْرَاهِيمَ مُصلِّى فَأَنْزَلَ اللَّهُ تَعَالَى وَاتَّخِذُوا مِنْ مَقَامِ إِبْرَاهِيمَ مُصلِّى

বাংলা

১৮৮৬. আনাস রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন, উমার ইবনুল খাত্তাব রাদ্বিয়াল্লাহু আনহু বলেছেনঃ তিনটি বিষয়ে আমার অভিমত আমার রবের (অহির) সাথে সামঞ্জস্যপূর্ণ হয়েছে: আমি বলেছিলাম, ইয়া রাসূলুল্লাহ! আপনি যদি মাকামে ইবরাহীমকে সালাতের স্থান হিসেবেগ্রহণ করতেন! তখন আল্লাহ এ আয়াত নাযিল করেন: 'তোমরা মাকামে ইবরাহীমকে সালাতের স্থান বানাও' (বাকারাঃ ১২৫)[1]

ফুটনোট

[1] তাহকীক্ক: এর সনদ সহীহ। হাদীসটি বুখারী মুসলিমের সম্মিলিত বর্ণনা।

তাখরীজ: আহমাদ ১/২৩-২৪, ৩৬; বুখারী, সালাত, ৪০২, তাফসীর ৪৪৮৩; মুসলিম, ফাদাইলুস সাহাবাহ ২৩৯৯; বাইহাকী, নিকাহ৭/৮৮; ইবনু আদী, আল কামিল ২/৭৯২।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন